# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


নির্বাহী প্রকৌশলীর দপ্তর
ঢাকা পানি উন্নয়ন বিভাগ
ওয়াপদা ভবন (৪র্থ তলা)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
☎ ০২-৪৭১১৩৮৫২
xen.dhaka2@bwdb.gov.bd

Office of the Executive Engineer
Dhaka Water Development Division
WAPDA Building (3rd Floor)
Motijheel C/A, Dhaka-1000.
☎ 02-47113852
Email : eedhaka2@gmail.com


স্মারক নং- ২৭১৩

তারিখঃ ২৯/০২/২০২৪

# বিজ্ঞপ্তি

পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সদর দপ্তর পানি ভবন, ৭২ গ্রীনরোডে অবস্থিত। পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সাথে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরিত এপিএতে ভূমিকম্প ও অগ্নিনির্বাপন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পানিভবনে একটি মহড়া আয়োজন বিষয়ক কার্যক্রম গ্রহণের লক্ষ্যমাত্রা রয়েছে। গত ১৮/০১/২০২৪ তারিখে ২০২৩-২৪ অর্থ-বছরে বাপাউবো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর অর্ধবার্ষিকী অগ্রগতি মূল্যায়ন ও ফিডব্যাক সভায় মহাপরিচালক, বাপাউবো মহোদয় ফেব্রুয়ারি, ২০২৪ এর মধ্যে উক্ত মহড়া আয়োজনের নির্দেশনা প্রদান করেছেন। প্রায়শই বিভিন্ন অনাকাঙ্খিত দূর্ঘটনার কারনে অনেক ভবনে আগুন লাগতে দেখা যায়। তাৎক্ষনিকভাবে আগুনের সময় কিভাবে নিজেদেরকে রক্ষা করতে হয় ও অগ্নিকান্ড নির্বাপণে সহযোগীতা প্রদানের ক্ষেত্রে পানি ভবনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অগ্নি নির্বাপণ মহড়া আয়োজনের মহাপরিচালক মহোদয়ের ডায়েরি নং-৮৭৩৩; তারিখঃ ২৮/০১/২০২৪ খ্রিঃ মোতাবেক নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনা মোতাবেক মোতাবেক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সহযোগিতায় আগামী ৪ মার্চ, ২০২৪ তারিখে পানি ভবনে অগ্নি নির্বাপণ মহড়া আয়োজন করা হবে । উক্ত মহড়াতে পানি ভবনের ১১ তলায় মাল্টিপারপাস হলে সকাল ১১.০০ ঘটিকায় ব্রিফিং অনুষ্ঠিত হবে। উক্ত ব্রিফিং এ সকলের উপস্থিতিসহ সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

এ বিজ্ঞপ্তি জারীতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

২৯/০২/২০২৪

(এম এল সৈকত)
নির্বাহী প্রকৌশলী
ঢাকা পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, ঢাকা

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৩. সকল দপ্তর প্রধান, পানি ভবন, বাপাউবো, ঢাকা।
৪. সিএসওটু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পানি উন্নয়ন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপাউবো, ঢাকা। (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
৭. উপ-বিভাগীয় প্রকৌশলী, ঢাকা পানি উন্নয়ন বিল্ডিং উপ-বিভাগ, বাপাউবো, ঢাকা।
৮. জোন কমান্ডার, ঢাকা উত্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
৯. অফিস কপি ।